# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি শের-ই-বাংলা নগর, আগারগাঁ
ঢাকা-১২০৭।
www.bteb.gov.bd

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০৭.৩৩.২৬.০৯-৬০

তারিখ: ১১ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

## ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের শিক্ষার্থীদের বদলি সংক্রান্ত বিজ্ঞপ্তিঃ

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড পরিচালিত ০৪ (চার) বছর মেয়াদী ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের ৩য় ও ৪র্থ পর্বের অধ্যায়নরত বদলিচ্ছুক শিক্ষার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠানের (বর্তমান অধ্যায়নরত) অধ্যক্ষ, বরাবর অভিবাবকের (পিতা/মাতা/উপযুক্ত অভিভাবক) প্রতিস্বাক্ষরসহ আবেদন করতে হবে। ছাড়পত্র প্রদানকারী প্রতিষ্ঠান বদলি ইচ্ছুক শিক্ষার্থীদের নিকট প্রাপ্ত আবেদনপত্র নিম্ন বর্ণিত বদলির সাধারণ নির্দেশিকার আলোকে যাচাই-বাছাই করে বদলি কার্যক্রম সংক্রান্ত তথ্য বর্ণিত সময়ের মধ্যে অনলাইনে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, শুধুমাত্র ২৮ সেপ্টেম্বর, ২০২৬খ্রি. হতে ১৫ অক্টোবর, ২০২৬খ্রি. তারিখ পর্যন্ত অনলাইনে তথ্য প্রেরণের জন্য সার্ভার খোলা থাকবে। সংশ্লিষ্ট সকলকে বদলি কার্যক্রম সংক্রান্ত তথ্য ছক অনুসারে পূরণ করার জন্য অনুরোধ জানান হলো।

## বদলির আবেদন, ফলাফল ও বোর্ডে তথ্যাদি জমা প্রদানের সময়সূচীঃ

**১। শিক্ষার্থী কর্তৃক প্রতিষ্ঠান বরাবর আবেদনের তারিখ :** ২৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. হতে ১৪ অক্টোবর ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত।

**২। যে লিংকে আবেদন করবেন:** বোর্ডের ওয়েবসাইটে www.bteb.gov.bd "অনলাইনে তথ্য প্রেরন/গ্রহন" ব্লকে "ডিপ্লোমা পর্যায়" প্রবেশ করে (Diploma-in-Textile Transfer Data Entry Link) অথবা সরারসরি এই http://103.197.207.70:8666/dip_transfer/index.php লিংক এ ক্লিক করে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি দিতে হবে।

**৩। বোর্ড কর্তৃক ফলাফল প্রকাশ:** পর্ব সমাপনী পরীক্ষার ফলাফল প্রকাশের পর পরবর্তী ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে বদলির ফলাফল প্রকাশ করা হবে।

**৪। বোর্ডের প্রয়োজনীয় ডকুমেন্টসহ:** বদলির ফলাফল প্রকাশের সময় জানানো হবে।

## শিক্ষার্থী বদলির সাধারণ নির্দেশিকাঃ

১। আসন খালি থাকা ও বদলির সাধারণ নির্দেশিকার শর্তাবলী অনুসরণপূর্বক বদলি করা হবে।

২। শিক্ষার্থী বদলির ক্ষেত্রে অবশ্যই টেকনোলজি, প্রবিধান, শিফটের মিল থাকতে হবে। ১ম শিফটের শিক্ষার্থী ১ম শিফটে এবং ২য় শিফটের শিক্ষার্থী ২য় শিফটে বদলি হওয়ার সুযোগ পাবে।

৩। ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রমের বোর্ড কর্তৃক নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবে;

৪। এইচএসসি(বিজ্ঞান)/এইচএসসি(ভোকেশনাল) ও আলিম(বিজ্ঞান) উত্তীর্ণ সরাসরি ৩য় এবং ৪র্থ পর্বে ভর্তিকৃত শিক্ষার্থীগণ বদলিতে ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে না।

৫। কোন অবস্থাতেই অকৃতকার্য বা রেফার্ড প্রাপ্ত শিক্ষার্থী বদলির জন্য যোগ্য বলে বিবেচিত হবে না । সকল বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবল বদলির আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে;

৬। ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী সরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র সরকরি প্রতিষ্ঠানে এবং ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী কেবলমাত্র বেসরকারি প্রতিষ্ঠানে বদলি হওয়ার সুযোগ পাবে। তবে ঐ প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট টেকনোলজি থাকতে হবে এবং ঐ পর্বে শিক্ষার্থী থাকতে হবে।

৭। ডিপ্লোমা-ইন-টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং শিক্ষাক্রম পরিচালনাকারী বেসরকারি প্রতিষ্ঠানের শিক্ষার্থী বদলির ক্ষেত্রে ০২ (দুই) প্রতিষ্ঠানের সম্মতিতে বর্তমানে অধ্যায়নরত প্রতিষ্ঠান হতে বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে Log IN করে বোর্ড কর্তৃক প্রদত্ত ছকে অনলাইনের মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে।

৮। বর্তমানে অধ্যায়নরত প্রতিষ্ঠানের অধ্যক্ষ, বদলি হতে ইচ্ছুক শিক্ষার্থীদের প্রাপ্ত আবেদপত্র (অবিভাবেকের প্রতিস্বাক্ষর সম্বলিত) যাচা-বাছাই করে বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে নিজ প্রতিষ্ঠানের মাধ্যমে Log IN করে বোর্ড কর্তৃক প্রদত্ত ছকে অনলাইনের মাধ্যমে বোর্ডে প্রেরণ করতে হবে।

৯। Online-এ প্রাপ্ত আবেদন হতে মেধাক্রম অনুসারে শূন্য আসনের ভিত্তিতে বদলির জন্য মনোনয়ন প্রদান করা হবে।

১০। বদলির ক্ষেত্রে বদলির সাধারণ নীতিমালা অনুসরণ করা হবে এবং বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে;

স্বাক্ষরিত
**(প্রকৌশলী অনিমেশ পাল)**
পরিচালক (কারিকুলাম)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নং- ০২-৫৫০০৬৫২৩

তারিখ: ১১ আশ্বিন, ১৪৩৩ বঙ্গাব্দ
২৪ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ

স্মারক নং- ৫৭.১৭.০০০০.২০৭.৩৩.২৬.০৯-৬০

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে পেরণ করা হল (জেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচলক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
২। মহাপিরচালক, বস্ত্র অধিদপ্তর, বিটিএমসি ভবন (৬ষ্ঠ তলা), কাওরানবাজার, ঢাকা।
৩। সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক(আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৪। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (অফিস আদেশটি জরুরী ভিত্তিতে ওয়েব সাইটে প্রকাশ সহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য অনুরোধ করা হলো )।
৫। উপ-পরীক্ষা নিয়ন্ত্রক(গোপনীয়), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬। উপ-সচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। অধ্যক্ষ/পরিচালক (সংশ্লিষ্ট সকল)........................।
৮। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯। নথি।



**(প্রকৌশলী মোসা. ছালমা আক্তার)**
কারিকুলাম বিশেষজ্ঞ (টেক্সটাইল)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।